

## Galiza

- Manuel María

Galiza docemente  
está ollando o mar:  
ten vales e montañas  
e terras para labrar!

Ten portos, mariñeiros,  
cidades e labregos  
cargados de traballos,  
cargados de trafegos!

Galiza é unha nai  
velliña, soñadora:  
na voz da gaita rise,  
na voz da gaita chora!

Galiza é o que vemos:  
a terra, o mar, o vento...  
¡Pero hai outra Galiza  
que vai no sentimento!

Galiza somos nós:  
a xente e mais a fala  
¡Se buscas a Galiza  
en ti tes que atopala!

## গালিসিয়া

- মানুএল মারিয়া

গালিসিয়া সুমধুর ভাবে  
চেয়ে রয়েছে সমুদ্রের পানে:  
রয়েছে তার উপত্যকা, অধিত্যকা এবং পর্বতমালা  
আর রয়েছে কৃষিযোগ্য ভূমি চাষবাসের জন্য।

আছে তার অগণিত বন্দর, আর তাতে কর্মরত  
অসংখ্য নাবিক  
আর রয়েছে অনেক শহর, তাতে বসবাসকারী বহু  
শ্রমজীবী মানুষ  
কঠিন পরিশ্রমের জেরে যারা অবনত-অবদমিত,  
আর কায়িক শ্রমের দরুন প্রাণ যাদের ওষ্ঠাগত।

গালিসিয়া যেন এক মা  
বৃদ্ধা, কিন্তু স্বপ্নালু:  
বাঁশীর শব্দে কখনো সে হেসে ওঠে,  
আর সেই বাঁশীর শব্দেই অনুরণিত হয় তার  
ক্রন্দনধ্বনি!

গালিসিয়া হলো যা রয়েছে আমাদের চক্ষুসমক্ষে  
এই মাটি, এই সমুদ্র, এই বাতাস...  
কিন্তু আছে আরেক গালিসিয়া  
যা একাত্ম হয়েছে আমাদের আবেগের সঙ্গে!

গালিসিয়া হলাম আমরা সবাই:  
এই জনমানস আর যারা এই ভাষায় কথা বলে  
তুমি যদি গালিসিয়াকে খুঁজতে হলে,  
নিজের মধ্যেই তোমাকে তাকে খুঁজে নিতে হবে!

অনীক নন্দী।

Anik Nandi